

02

60

৩৩৩

**ইউনেস্কোর অধিবেশনে
বাংলাদেশ যোগ দিবে**
বাংলাদেশ ইউনেস্কোর ২৫তম
সাধারণ অধিবেশনে যোগদান
করিবে। ১৭ অক্টোবর হইতে
প্যারিসে এই অধিবেশন শুরু
হইবে এবং তা একমাস পর্যন্ত
চলিবে বলিয়া আশা করা যায়।
(৪র্থ পৃ: ক্রঃ)

**ইউনেস্কোর অধিবেশনে
(৩য় পৃ: পর)**
এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে
যোগদানের জন্য বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা শিক্ষামন্ত্রী শেখ
শহীদুল ইসলাম গতকাল (রবিবার)
সকালে প্যারিসের উদ্দেশে ঢাকা
ত্যাগ করেন। তিনি তিন সদ-
স্যের বাংলাদেশ প্রতিনিধি দলের
নেতৃত্ব করিবেন।
প্রতিনিধিদলের অপর দুইজন
সদস্য হইলেন, ফ্রান্সে নিযুক্ত
বাংলাদেশের রাষ্ট্রদূত ও ইউনেস্কো
সদর দফতরে নিয়োজিত বাংলা-
দেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত
তোজাম্মেল হক ও বাংলাদেশ
জাতীয় ইউনেস্কো কমিশনের সচিব
অধ্যাপক আবদুস সেলিম।
১৯৯০ সাল আন্তর্জাতিক
সাক্ষরতা বর্ষ হিসাবে উদযাপনের
প্রাকালে ইউনেস্কোর এই অধিবে-
শন বিশেষ গুরুত্বপূর্ণ বলিয়া বিবে-
চিত হইতেছে।
শিক্ষামন্ত্রী ও বাংলাদেশ জাতীয়
ইউনেস্কোর কমিশনের চেয়ারম্যান
শেখ শহীদুল ইসলাম এই অধিবে-
শনে বক্তব্য রাখিবেন।
—তথ্য বিবরণী।